বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ
ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়

প্রেস রিলিজ

গ্লোবাল আইটি চ্যালেঞ্জ ২০২৬-এ বাংলাদেশের গৌরবোজ্জ্বল সাফল্য
দুটি বিভাগে চ্যাম্পিয়ন, ই-কম্বিনেশন বিভাগে একক ব্রোঞ্জ পদক অর্জন





Global IT Challenge for Youth with Disabilities 2026-অনুষ্ঠানে বাংলাদেশ দলের পুরস্কার ও সনদ গ্রহণ

বৃহস্পতিবার, ২৯ অক্টোবর ২০২৬

ভিয়েতনামের দা নাং সিটিতে অনুষ্ঠিত প্রতিবন্ধী তরুণ-তরুণীদের জন্য আন্তর্জাতিক প্লাটফর্ম 'যুব প্রতিবন্ধী ব্যক্তিদের জন্য গ্লোবাল আইটি চ্যালেঞ্জ ২০২৬ (Global IT Challenge for Youth with Disabilities 2026)'-এ বাংলাদেশের পক্ষে বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল এবং সিএসএআইডি এর যৌথ উদ্যোগে অংশগ্রহণকারী ৪ সদস্যের বাংলাদেশ দল গৌরবোজ্জ্বল সাফল্য অর্জন করেছে। প্রতিযোগিতায় বাংলাদেশ দল 'বেস্ট চ্যাপরন' (Best Chaperone) ও 'ই-কনটেন্ট' (eContent) বিভাগে চ্যাম্পিয়ন হওয়ার পাশাপাশি 'ই-কম্বিনেশন' (eCombination) বিভাগে একক ব্রোঞ্জ পদক অর্জন করেছে।

নয়টি দেশের প্রায় ৭০০ জন প্রতিবন্ধী তরুণ-তরুণীর অংশগ্রহণে আয়োজিত এ আন্তর্জাতিক আয়োজন অন্তর্ভুক্তিমূলক ডিজিটাল দক্ষতা, প্রযুক্তিনির্ভর সক্ষমতা ও আন্তর্জাতিক সহযোগিতা বিকাশের একটি গুরুত্বপূর্ণ মঞ্চ। বাংলাদেশের এ অর্জন দেশের তরুণদের প্রতিভা, অধ্যবসায় এবং তথ্যপ্রযুক্তিতে অংশগ্রহণের সক্ষমতাকে আন্তর্জাতিক পরিসরে তুলে ধরেছে।

বাংলাদেশ দলের চার প্রতিযোগী হলেন— মো. শাকিল মিয়া (দৃষ্টি প্রতিবন্ধী ক্যাটাগরি), শেখ ইয়ামিন আহসান (শারীরিক প্রতিবন্ধী ক্যাটাগরি), উম্মে হাবিবা বিন্তি (বাক ও শ্রবণ প্রতিবন্ধী ক্যাটাগরি) এবং আরিয়ান ইসলাম (নিউরোডেভেলপমেন্টাল প্রতিবন্ধী ক্যাটাগরি)। বাংলাদেশ দলের প্রতিনিধি হিসেবে অনুষ্ঠানে উপস্থিত ছিলেন মিজ্ নাহিদ সুলতানা মল্লিক, অতিরিক্ত সচিব ও নির্বাহী পরিচালক, বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল; জনাব মো. মাহবুব করিম, পরিচালক (প্রশিক্ষণ ও উন্নয়ন), বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল; এবং জনাব ইফতেখার আহমেদ, পরিচালক, সিএসআইডি।

প্রজাতন্ত্রী কোরিয়ার স্বাস্থ্য ও কল্যাণ মন্ত্রণালয় ও এলজির স্বাগতিক উদ্যোগে এবং জিআইটিসি অর্গানাইজিং কমিটি, এলজি ইলেকট্রনিক্স, আরআই কোরিয়া, ডব্লিউটিএল ভিয়েতনাম ও ডুয়ি তান ইউনিভার্সিটির আয়োজনে প্রতিযোগিতাটি অনুষ্ঠিত হয়। এতে প্রজাতন্ত্রী কোরিয়ার পররাষ্ট্র মন্ত্রণালয় ও কমিউনিটি চেস্ট কোরিয়া পৃষ্ঠপোষকতা করে।

তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের আওতাধীন প্রতিষ্ঠান বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল মনে করে, এ সাফল্য প্রতিবন্ধী ব্যক্তিদের ডিজিটাল দক্ষতা উন্নয়ন, সমান সুযোগ নিশ্চিতকরণ এবং তথ্যপ্রযুক্তি খাতে অন্তর্ভুক্তিমূলক অংশগ্রহণের গুরুত্বকে আরও সুস্পষ্ট করেছে। আন্তর্জাতিক পর্যায়ে বাংলাদেশের এ অর্জন দেশের জন্য গর্বের এবং ভবিষ্যতে প্রতিবন্ধী তরুণদের প্রযুক্তি-দক্ষতা বিকাশে নতুন অনুপ্রেরণা জোগাবে।